

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৬তম সভার কার্যবিবরণী

সভাপতি: ড. মোঃ আবদুহ হালাম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি।

সভার তারিখ ও সময়: ০৪ মে ২০২৬; সকাল ১০:০০ ঘটিকা।

সভার স্থান: ১নং সভাকক্ষ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি), ফার্মগেট, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা: পরিশিষ্ট “ক”।

ড. মোঃ আবদুহ হালাম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্য বিষয় অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য জনাব ড. মোঃ জাকির হোসেন, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিকে অনুরোধ জানান। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

আলোচ্য বিষয় ১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৫তম সভার কার্যবিবরণী অনুমোদন।

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৫তম সভা ১৫ ডিসেম্বর, ২০২৫ খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় ড. মোঃ আবদুহ হালাম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সভাপতিত্বে বিএআরসি'র ১নং সভা কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী কারিগরি কমিটির সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়। সভায় জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৫তম সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয় ২ এ খরিপ এর স্থলে খরিফ এবং হাইব্রিড ধানের নামকরণের জন্য এনএসবি ৭৫তম সভার আলোচ্য বিষয় ৫ (ঘ) এর সিদ্ধান্ত ও অন্যান্য সকল নোটিফাইড ও নননোটিফাইড ফসলের নামকরণের জন্য এনএসবি ১০৩তম সভার আলোচ্য বিষয় ৮ সিদ্ধান্ত অনুসরণ করার বিষয়টি সংযোজন/ সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৫তম সভার কার্যবিবরণী সংশোধন সাপেক্ষে অনুমোদন করা হলো।

হাইব্রিড ধানের নামকরণের জন্য এনএসবি ৭৫তম সভার আলোচ্য বিষয় ৫ (ঘ) এর সিদ্ধান্তঃ হাইব্রিড ধান বীজের বাণিজ্যিক নামকরণ সংশ্লিষ্ট কোম্পানীর নামের সাথে মিল রেখে করতে হবে। এছাড়া বীজের প্যাকেটের গায়ে আমদানীকৃত হাইব্রিড ধান বীজের কোড নাম বা নম্বর উল্লেখ করতে হবে।

নোটিফাইড ও নননোটিফাইড ফসলের নামকরণের জন্য এনএসবি ১০৩তম সভার আলোচ্য বিষয় ৮ এর সিদ্ধান্তঃ কারিগরি কমিটির সুপারিশের প্রেক্ষিতে প্রতিষ্ঠানের নাম, ফসলের নাম, প্রতিষ্ঠানের নিবন্ধিত জাতের ক্রমিক নং ব্যবহার করে নিয়ন্ত্রিত ফসলের নামকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হলো। উদাহরণঃ ব্রি ধান২৮/ BRRI dhan28.

আলোচ্য বিষয় ২: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর কর্তৃক প্রস্তাবিত লবণাক্ততাপ্রবণ অঞ্চলে চাষাবাদ উপযোগী ১(এক)টি ইনব্রেড আমন ধানের জাত ছাড়করণ।

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর কর্তৃক প্রস্তাবিত ব্রি ধান১১৯ এর কৌলিক সারি নং- BR13113-4R-63. এই কৌলিক সারিটি DR-(6) এবং HHZ12-SAL2-Y3-Y2 এর সংকরায়ণের মাধ্যমে উদ্ভাবিত। ২০১৫-১৬ সালে সংকরায়ণ (Crossing) সম্পন্ন করার পর Modified Field RGA পদ্ধতিতে দুত জেনারেশন এডভান্স/ অগ্রসর (advance) করে Forward breeding এবং Marker-assisted selection এর মাধ্যমে জেনেটিক্যালি ফিক্সড লাইন তৈরি করার পর প্রচলিত প্রজনন পদ্ধতিতে সাতক্ষীরার লবণাক্ত অঞ্চলে ও অনুকূল পরিবেশে সুনির্দিষ্ট এবং পর্যায়ক্রমিক Yield evaluation trial এর মাধ্যমে চূড়ান্ত কৌলিক সারি নির্বাচন করা হয়।

বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তুত জাতের ২০২৪-২৫ ও ২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তুত জাতটিতে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান৭৩ হতে DUS পরীক্ষার ৪০টি বৈশিষ্ট্যের মধ্যে নিম্নোক্ত ১২টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

SL. No	DUS Characteristics	Proposed Variety	Check Variety BRRI dhan73
01.	03 Penultimate leaf: pubescence	Week	Medium
02.	14 Stem: Culm diameter (from 5 mother tillers in the lowest internode)	Large	Medium
03.	15 Stem length (culm length): measure from the base of the plants to the neck of the panicles	Medium	Long
04.	19 Panicle length: measured from the neck to the tip of the panicle of main tillers without awns	Medium	Long
05.	20 Panicle: curvature of main axis (i.e. recurved main axis)	Strong	Medium
06.	21 Panicle: number of effective tillers per plant	Many	Medium
07.	23 Spikelet: colour of the tip of lemma	Brownish	Yellowish
08.	24 Spikelet: awn in the spikelet	Absent	Present
09.	29 Time of maturity	Late	Medium
10.	33 Decorticated grain length (After dehulling, before milling)	Long	Medium
11.	34 Leaf senescence: penultimate leaves are observed at the time of harvest	Late and slow	Intermediate
12.	35 Decorticated grain (bran): colour	Light brown	White

২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে VCU পরীক্ষায় প্রাপ্ত ফলাফল

প্রস্তুত জাতটি ২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে ৩টি অঞ্চলে ৬টি অনফার্ম এবং ৪টি অনস্টেশন অর্থাৎ ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। চেক জাত ছিল ব্রি ধান৭৩। ১০টি স্থানের মধ্যে ৮টি স্থানে ১০% এর চেয়ে বেশি ফলন পাওয়া গিয়েছে। ২টি স্থানে প্রস্তুত জাতটিতে চেক জাতের থেকে ১০% এর চেয়ে কম ফলন পাওয়া গিয়েছে।

অঞ্চল	ট্রায়াল লোকেশন	জীবনকাল (দিন)		ফলন (টন/হেক্টর)		ফলন পার্থক্য (%)
		প্রস্তুত জাত	চেক জাত	প্রস্তুত জাত	চেক জাত	
চট্টগ্রাম	ফেনী সদর, ফেনী	১১৯	১২৫	৬.৭৮	৫.৬৭	১৯.৫৮
	আঞ্চলিক কার্যালয়, ব্রি, সোনাগাজী, ফেনী	১১৭	১২২	৪.৮৫	৩.৫৪	৩৭.০০
	আঞ্চলিক কার্যালয়, ব্রি, কক্সবাজার	১১৯	১১৬	৬.৩৩	৪.৯২	২৮.৬৬
খুলনা	আঞ্চলিক কার্যালয়, ব্রি, সাতক্ষীরা	১১২	১১৭	৬.১৫	৫.৫৮	১০.২১
	কালিগঞ্জ, সাতক্ষীরা	১০২	১০৬	৬.০৬	৬.৪০	-০.৬৫
	দেবহাটা, সাতক্ষীরা	১০১	১০৯	৬.১৫	৫.৬৩	৯.২৪
বরিশাল	আঞ্চলিক কার্যালয়, ব্রি, বরিশাল	১২১	১২০	৪.৯৮	৪.২০	১৮.৫৭
	আমতলী, বরগুনা	১১৯	১২২	৪.৮০	৪.২৬	১২.৬৭
	কলাপাড়া, পটুয়াখালী	১১৮	১২০	৫.২০	৪.৫০	১৫.৫৬
	মঠবাড়িয়া, পিরোজপুর	১১৯	১২২	৫.০০	৪.৪৬	১২.১১
গড়		১১৫	১১৮	৫.৬৩	৪.৮৯	

স্বাক্ষরিত ও সীলিত

৭

ফালন

১৩/১১/২৪

প্রস্তাবিত জাতের VCU পরীক্ষা বাস্তবায়িত বিভিন্ন অঞ্চলে লবণাক্ততার মাত্রা

ক্র. নং	অঞ্চল	ট্রায়ালকৃত স্থান	মাটিতে লবণাক্ততার পরিমাণ (ডিএস/মি)		পানিতে লবণাক্ততার পরিমাণ (ডিএস/মি)	
			চারা অবস্থায়	প্রজনন পর্যায়ে	চারা অবস্থায়	প্রজনন পর্যায়ে
১	খুলনা	দেবহাটা, সাতক্ষীরা	১.০	০.৯২	০.৮৪	০.৮১
২		কালিগঞ্জ, সাতক্ষীরা	১.৮০	০.৮৪	১.৫০	০.৫১
৩		ব্রি, সাতক্ষীরা	০	০	৩.৪৭	০
৪	বরিশাল	আমতলী, বরগুনা	০	০	০.৩৯	০.৪৮
৫		কলাপাড়া, পটুয়াখালী	০	০	১.৪৯	০.৯৩
৬		মঠবাড়িয়া, পিরোজপুর	১.২	০.৯০	০.৬৮	০.৭৬
৭		ব্রি, বরিশাল	০	০	১.৩৮	১.৫৩৭
৮	চট্টগ্রাম	ব্রি, সোনাগাজী	০.৩৩৪	০.৩৯১	০.৩৪৯	০.৩৭৫
৯		ব্রি, কক্সবাজার	৩.০০	৪.০-৪.৫	৩.০-৪.০	৬.০-৬.৫০
১০		ফেনী সদর, ফেনী	০.৩২৩	০.৩৭১	০.৩১১	০.৩৭৮

২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে VCU পরীক্ষায় রোগ ও পোকামাকড়ের উপস্থিতির মাত্রা

রোগের নাম	স্কোর	লোকেশন	মন্তব্য
ব্যাকটেরিয়াল ব্লাইট/ ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট	৭	ফেনী সদর, ফেনী, আঞ্চলিক কার্যালয়, ব্রি, সোনাগাজী, ও আঞ্চলিক কার্যালয়, ব্রি, কক্সবাজার	
	৫	দেবহাটা ও কালিগঞ্জ, সাতক্ষীরা	
	৩	আঞ্চলিক কার্যালয়, ব্রি, সাতক্ষীরা, আঞ্চলিক কার্যালয়, ব্রি, বরিশাল, আমতলী, বরগুনা, কলাপাড়া, পটুয়াখালী ও মঠবাড়িয়া, পিরোজপুর	
সীথ ব্লাইট	৫	আঞ্চলিক কার্যালয়, ব্রি, কক্সবাজার	
সীথ রট	৩	কালিগঞ্জ, সাতক্ষীরা ও আঞ্চলিক কার্যালয়, ব্রি, সাতক্ষীরা	
	৫	আঞ্চলিক কার্যালয়, ব্রি, কক্সবাজার	
	৩	আঞ্চলিক কার্যালয়, ব্রি, সোনাগাজী	

এছাড়াও বিভিন্ন লোকেশনে ফলস্ স্মার্ট রোগের উপস্থিতি লক্ষ্য করা গিয়েছে।

পোকাকার আক্রমণঃ হলুদ মাজরা পোকা, লীফ ফোল্ডার, বিপিএইচ এবং গাঙ্গী পোকাকার আক্রমণ ছিল তবে তা সহনীয় মাত্রায় ছিল।

আলোচনার এ পর্যায়ে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সংশ্লিষ্ট ব্রিডারকে প্রস্তাবিত জাত সম্পর্কে সংক্ষেপে তথ্য উপস্থাপন করার অনুরোধ করেন।

আলোচনার শুরুতে প্রস্তাবিত জাতের ব্রিডার ড. মোহাম্মদ এখলাছুর রহমান, সিএসও এবং প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা বলেন, প্রস্তাবিত ব্রি ধান১১৯ একটি লবনাক্ততাসহনশীল জাত। প্রস্তাবিত জাতের Grain quality চেক জাত ব্রি ধান৭৩ এর চেয়ে অনেক ভালো। জাতটিতে Gn1a জিন থাকায় এর প্রতি প্যানিকেলে Spikelet সংখ্যা চেক জাতের চেয়ে উল্লেখযোগ্য হারে বেশি। যেখানে চেক জাতে Filled grain সংখ্যা ১২০টি, সেখানে প্রস্তাবিত জাতে তা ২০০ এরও বেশি। কালিগঞ্জে ব্রি এর একটি নিজস্ব ট্রায়ালে চেকজাত ব্রি ধান৭৩ এ Lodging দেখা যায়। কিন্তু প্রস্তাবিত জাতের Plant structure ভালো হওয়ায় Lodging হয়নি। যেহেতু প্রস্তাবিত জাতটি দানা মাঝারি চিকন এবং উচ্চ গ্র্যামাইলোজযুক্ত, ফলে সাতক্ষীরা ও খুলনা অঞ্চলে চাহিদা সম্পন্ন হবে। সুতরাং জাতটি ছাড়করণের সুপারিশ করা যেতে পারে।

আলোচনার এপর্যায়ে জনাব মোঃ ওবাইদুর রহমান মন্ডল, পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা প্রস্তাবিত ব্রি ধান১১৯ কত ds/m পর্যন্ত লবনাক্ততা সহ্য করতে পারে তা জানতে চান।

এর উত্তরে ব্রিডার বলেন, প্রস্তাবিত জাতটি চারা পর্যায়ে ৬(ছয়) ds/m এবং প্রজনন পর্যায়ে ১০(দশ) ds/m প্রস্তাবিত লবনাক্ততা সহ্য করতে পারে। এটি অপরিমিত ছাড়কৃত লবনাক্ততা সহনশীল জাতগুলোর মধ্যে সবচেয়ে বেশি High yield potential সম্পন্ন জাত।

ড. মো: জাকির হোসেন, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর বলেন, খরা দেখা গেলে কোন কোন আঞ্চলে হঠাৎ করে লবনাক্ততা বেড়ে যেতে পারে। সেজন্য লবনাক্ততা সহনশীল জাত হিসেবে আলোচ্য জাতটি ছাড়করণের জন্য বিবেচনা করা যায়।

এপ্রেক্ষিতে জনাব মোহাম্মদ শামছুর রহমান খান, উপপরিচালক, জাত পরীক্ষা, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর বলেন, প্রস্তাবিত জাতটির Salinity এর ডাটা থেকে দেখা যায়, ১টি স্থানে শুধু ৬(ছয়) ds/m পাওয়া গিয়েছে এবং অন্যত্র জায়গায় তা ৪(চার) ds/m এর কম। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর বিজ্ঞানীগণ বলেছেন, ধান চাষের ক্ষেত্রে Salinity ৪(চার) ds/m কোনো বিষয় না, এটা ফলনে কোনো প্রভাব ফেলে না। এসসিএ এর বরিশালের ট্রায়াল বাস্তবায়নকারী কর্মকর্তা এবং বিজ্ঞানীগণের মতানুসারে যেহেতু আমন মৌসুমে Salinity ৪(চার) ds/m এর উপর সাধারণত যায় না, সেক্ষেত্রে একটি জাত লবনাক্ততা সহনশীল কিনা তা নিশ্চিত করে বলা যায় না। তাহলে আমন মৌসুমে লবনাক্ততা সহনশীল জাত ছাড়করণ কতটা যুক্তিযুক্ত তা আমাদের ভেবে দেখতে হবে।

এর উত্তরে ড. মোঃ আবদুছ ছালাম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি বলেন, এখন যেভাবে আবহাওয়া পরিবর্তিত হচ্ছে এর জন্য আমাদের প্রস্তুত থাকতে হবে। এক্ষেত্রে আগামী দিনে এধরনের পরিস্থিতির উদ্ভব হলে লবনাক্ততা সহনশীল জাতের ট্রায়ালে ব্রিডারকে Artificially salinity induce করে দেখতে হবে জাতটি কত ds/m লবনাক্ততা সহ্য করতে পারে এবং উক্ত ট্রায়াল বীজ প্রত্যয়ন এজেন্সীর কর্মকর্তাদের দ্বারা মনিটরিং করাতে হবে। উক্ত ডাটা অবশ্যই কারিগরি কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

এপর্যায়ে জনাব মো: আজিজুল হক, সহযোগী পরিচালক, ব্র্যাক বলেন, প্রস্তাবিত জাতের Premium grain quality, High amylose content এবং দক্ষিণাঞ্চলের চাহিদা বিবেচনা করে জাতটি ছাড়করণের সুপারিশ করা যেতে পারে।

সিদ্ধান্ত: ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৫ অনুসারে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) কর্তৃক প্রস্তাবিত ইনব্রেড আমন ধানের কৌলিক সারি BR13113-4R-63 কে ১০-১২ ds/m মাত্রার লবনাক্ততা প্রবণ এলাকায় চাষের জন্য ব্রি ধান ১১৯ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।

আলোচ্য বিষয় ৩: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), ময়মনসিংহ কর্তৃক প্রস্তাবিত আয়রন এবং জিংক সমৃদ্ধ ১(এক)টি ইনব্রেড আমন ধানের জাত ছাড়করণ।

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), ময়মনসিংহ কর্তৃক প্রস্তাবিত বিনা ধান ২৯ এর কৌলিক সারি নং- BN-26-3-21. এই কৌলিক সারিটি ২০১৫ সালে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বিনা) উদ্ভিদ প্রজনন বিভাগে বিনাধান ৭ এবং ইরি (IRRI)-এর লবনাক্ততা সহনশীল অ্যাডভান্সড (advanced) লাইন FL478-এর মধ্যে সংকরায়ণের মাধ্যমে এর উদ্ভাবন প্রক্রিয়া শুরু হয়। পরবর্তীতে তিনবার ব্যাকক্রসিং এবং Marker-Assisted Backcrossing (MABC)-এর মাধ্যমে স্থিতিশীল (Stable) হোমোজাইগাস সারি নির্বাচন করে জাতটি উদ্ভাবন করা হয়।

বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের ২০২৪-২৫ ও ২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান ৬২ হতে DUS পরীক্ষার ৪০টি বৈশিষ্ট্যের মধ্যে নিম্নোক্ত ১১টি বৈশিষ্ট্য স্বাভাবিক পাওয়া গিয়েছে।

Sl. No.	Characteristics	Proposed Variety BINA dhan29	Check Variety BRRI dhan62
01.	7 Flag leaf: attitude of the blade	Semi erect (30-45)	Erect (<30)
02.	8 Time of heading (50% of plants with heads)	Medium (86-105 days)	Early (70-85 days)
03.	19 Panicle: length measured from the neck to the tip of the panicle of main tillers without awns	Long (26-30cm)	Medium (21-25cm)
04.	22 Spikelet: Pubescence of lemma & palea	Weak	Strong

(Signature)

Galam

05.	23 Spikelet: colour of the tip of lemma	Brownish	Yellowish
06.	28 Panicle: exertion	Moderately exerted	Well exerted
07.	29 Time of maturity	Medium (116-135 days)	Early (101-115 days)
08.	30 Grain: weight of 1000 fully developed grains (adjusted at 12% of moisture)	Medium (20-23g)	High(24-27g)
09.	31 Grain: length (without dehulling)	Long (8.1-9.0mm)	Very long (>9.0mm)
10.	36 Decorticated grain(brain): colour	Light brown	White
11.	38 Endosperm: content of amylose (non waxy type varieties)	High(>25%)	Intermediate (21-25%)
Other distinct special character (if any)		In 10% polished rice Zn 26ppm & Fe 5.6 ppm In Brown rice Zn 27.34ppm & Fe 7.77 ppm	Zn content 19ppm

২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে VCU পরীক্ষায় প্রাপ্ত ফলাফল

প্রস্তাবিত জাতটি ২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে ১০টি অঞ্চলের ৬টি অনফার্ম এবং ৪টি অনস্টেশন অর্থাৎ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। চেক জাত হিসেবে ব্যবহার করা হয় ব্রি ধান৬২। ১০টি স্থানের মধ্যে ৮টি স্থানে ১০% এর চেয়ে বেশি ফলন পাওয়া গিয়েছে। ১টি স্থানে প্রস্তাবিত জাতটিতে চেক জাতের থেকে ১০% এর চেয়ে কম ফলন পাওয়া গিয়েছে। অন্য ১টি স্থানে জলাবদ্ধতার কারণে ট্রায়াল বিনষ্ট হয়েছে।

অঞ্চল	ট্রায়াল লোকেশন	জীবনকাল (দিন)		ফলন (টন/হেক্টর)		ফলন পার্থক্য (%)
		প্রস্তাবিত জাত	চেক জাত	প্রস্তাবিত জাত	চেক জাত	
ঢাকা	ব্রি, গাজীপুর	১১২	১০৪	৪.৭০	৩.৩৯	৩৮.৬৪
ময়মনসিংহ	বিনা, ময়মনসিংহ	১১৯	১১২	৪.৭৮	২.৬৯	৭৭.৬৯
কুমিল্লা	দেবীদ্বার, কুমিল্লা	১১৮	১০৫	৫.৬১	৩.৬৫	৫৩.৭০
চট্টগ্রাম	ফেনী সদর, ফেনী	১২১	১০৬	-	-	-
যশোর	যশোর সদর, যশোর	১১৩	১০৫	৬.২২	৫.৬৭	৯.৭০
দিনাজপুর	দিনাজপুর সদর, দিনাজপুর	১১৪	১০৯	৬.২০	৪.৩৯	৪১.২৩
বগুড়া	বগুড়া সদর, বগুড়া	১১৩	৯৮	৫.০৭	১.৪৩	২৫৪.৫৪
ফরিদপুর	আঞ্চলিক কার্যালয়, ব্রি, ফরিদপুর	১২১	১১৪	৪.৫৮	৩.৮৯	১৭.৭৪
রংপুর	মিঠাপুকুর, রংপুর	১২০	১০৬	৬.২৭	৪.৯৫	২৬.৬৭
রাজশাহী	আঞ্চলিক কার্যালয়, ব্রি, রাজশাহী	১১১	১০২	৫.৪৮	৩.৯৪	৩৯.০৮
গড়		১১৬	১০৬	৫.৪৩	৩.৭৮	

২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে VCU পরীক্ষায় রোগ ও পোকামাকড়ের উপস্থিতির মাত্রা

রোগের নাম	স্কের	লোকেশন	মন্তব্য
ব্যাকটেরিয়াল ব্লাইট/ ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট	৭	বগুড়া সদর ও মিঠাপুকুর, রংপুর	
	৫	আঞ্চলিক কার্যালয়, ব্রি, রাজশাহী	
	৩	ব্রি, গাজীপুর, দিনাজপুর সদর ও যশোর সদর	
সীথ ব্লাইট	৭	ব্রি, গাজীপুর	
	৫	মিঠাপুকুর, রংপুর	
	৩	দেবীদ্বার, কুমিল্লা, ফেনী সদর ও যশোর সদর	
ফলস্ স্মাট	৩	আঞ্চলিক কার্যালয়, ব্রি, রাজশাহী ও যশোর সদর	

পোকাকার আক্রমণঃ হলুদ মাজরা পোকা, লীফ ফোল্ডার, বিপিএইচ এবং গাকী পোকাকার আক্রমণ ছিল তবে তা সহনীয় মাত্রায় ছিল।

আলোচনার এ পর্যায়ে পরিচালক, বীজ প্রতায়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সংশ্লিষ্ট ব্রিডারকে প্রস্তাবিত জাত সম্পর্কে সংক্ষেপে তথ্য উপস্থাপন করার অনুরোধ করেন।

আলোচনার শুরুতে প্রস্তাবিত জাতের ব্রিডার ড. সিফাতে রব্বানা খানম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিনা, ময়মনসিংহ বলেন, প্রস্তাবিত বিনা ধান২৯ আমন মৌসুমের উপযোগী একটি আয়রন ও জিংক সমৃদ্ধ জাত। মিউটেন্ট মাতৃ জাত বিনা ধান৭ এর সাথে ক্রস করায় প্রস্তাবিত জাতটি একটি মিউটেন্ট জাত হিসেবে পাওয়া যায়। ১০% polished চালে ৩০ পিপিএম জিংক এবং ১০ পিপিএম আয়রন থাকায় এটি শিশুদের বুদ্ধি বিকাশে এবং মহিলাদের এনিমিয়া দূর করতে সহায়তা করে। এর Lodging tendency নেই। চাল লাল, লম্বা ও চিকন হওয়ায় এই জাতের বাজার মূল্য বেশি এবং কৃষকের জন্যও লাভজনক হবে।

আলোচনার এ পর্যায়ে ড. জোবাদাতুন নাহার, বিভাগীয় প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ বলেন, Nutrient enrich বিশেষ বৈশিষ্ট্য বিশিষ্ট জাতের ক্ষেত্রে Nutrient enrich চেক জাত ট্রায়ালে ব্যবহারের পাশাপাশি সে অঞ্চলের চলতি উচ্চ ফলনশীল জাতকেও চেকজাত হিসেবে ব্যবহার করতে হবে।

ড. মো: আবদুহ ছালাম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি বলেন, প্রস্তাবিত জাতটি ডাবল বয়েল করার পর আয়রন এবং জিংকের পরিমাণ কত থাকে তা দেখতে হবে কেননা আমাদের দেশে সাধারণত ডাবল বয়েলড চাল খাওয়া হয়। পরবর্তী এনএসবি এর সভায় প্রস্তাবিত জাতটির জিআই ভেলু পরিমাপ করে তা উপস্থাপন করতে হবে।

এ পর্যায়ে ড. শরিফা সুলতানা দীপ্তি, চীফ সাইন্টিফিক অফিসার এবং প্রধান, শস্যমান ও পুষ্টি বিভাগ, ব্রি, গাজীপুর বলেন, বর্তমানে আমরা ধানের Elongation দেখে জাত ছাড়করণ করি কিন্তু রান্নার পর ভাত মোটা হয়ে যাচ্ছে। এখন থেকে অবশ্যই Cook rice বা Sensory test করে দেখা একান্ত প্রয়োজন।

সিদ্ধান্তঃ ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৫ অনুসারে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), ময়মনসিংহ কর্তৃক প্রস্তাবিত কৌলিক সারি BN-26-3-21 কে ৫.৬ পিপিএম আয়রন এবং ২৬ পিপিএম জিংক সমৃদ্ধ ১(এক)টি ইনব্রেড আমন ধানের জাত বিনা ধান২৯ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।

শর্তঃ প্রস্তাবিত জাতের জিআই ভ্যালু এনএসবি সভায় উপস্থাপন করতে হবে।

- বিশেষ বৈশিষ্ট্যসম্পন্ন জাতের ট্রায়ালের ক্ষেত্রে বিশেষ বৈশিষ্ট্যসম্পন্ন চেক জাতের পাশাপাশি ঐ অঞ্চলে ব্যবহৃত সমজীবনকাল সম্পন্ন উচ্চফলনশীল জাতও চেকজাত হিসেবে ব্যবহার করা যেতে পারে।

আলোচ্য বিষয় ৪ঃ এসিআই লিমিটেড কর্তৃক প্রস্তাবিত খরাসহনশীল ১(এক)টি ইনব্রেড আমন ধানের জাতের ছাড়করণ।

এসিআই লিমিটেড কর্তৃক প্রস্তাবিত এসিআই ধান৪ এর কৌলিক সারি নং- ASRBCR1486-BRGA-1. ইহা ২০১৭ সালে এসিআই এর পিডিগ্রি লাইন IR 112946-ACI 98-5-1 এবং ইরি লাইন IR 135378:9-20 এর সংকরায়ন এবং পরবর্তীতে Rapid Generation Advance (RGA) প্রযুক্তির মাধ্যমে অগ্রসরমান বিভিন্ন লাইন হতে Marker Assisted Selection (MAS) পদ্ধতিতে নির্বাচন করা হয়েছে। প্রস্তাবিত জাতটি খরা সহিষ্ণু QTL 2.2 ও 4.1 জিন সমৃদ্ধ, এটি স্বল্প মাত্রায় খরা সহ্য করতে পারে, যা বিভিন্ন কৃষি অঞ্চলে কম সেচে ভালো ফলন নিশ্চিত করে।

বীজ প্রতায়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের ২০২৪-২৫ ও ২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান৭১ হতে DUS পরীক্ষার ৪০টি বৈশিষ্ট্যের মধ্যে নিম্নোক্ত ১০টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

Sl. No.	Characteristics	Proposed Variety ACI dhan4	Check Variety BRRI dhan71
01.	7 Flag leaf: attitude of the blade	Erect(<30)	Intermediate or semi erect (30-45)
02.	8 Time of heading (50% of plants with heads)	Medium (86-105 days)	Early (70-85 days)
03.	19 Panicle length: measured from the neck to the tip of the panicle of main tillers without awns	Very Long (> 30cm)	Medium (21-25cm)
04.	20 Panicle: curvature of main axis (i.e. recurved main axis)	Strong	Medium
05.	28 Panicle: exertion	Just exerted	Moderately exerted
06.	29 Time of maturity	Medium (116-135days)	Early (101-115 days)
07.	31 Grain: length (without dehulling)	Long.(8.1-9.0mm)	Very Long (>9.0mm)
08.	32 Sterile lemma length: measure at post harvest stage	Long (2.6-3.0mm)	Medium (1.5-2.5mm)
09.	33 Decorticated grain length (After dehulling, before milling)	Long(6.6-7.5mm)	Medium(5.6-6.5mm)
10.	36 Decorticated grain: shape {Length-width (widest point) ratio of dehulled grain}	Slender (L:W>3.0)	Medium Slender (L:W= 2.6-3.0)

২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে VCU পরীক্ষায় প্রাপ্ত ফলাফল

প্রস্তাবিত জাতটি ২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে ১০টি অঞ্চলের ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। অনফার্ম ৬টি এবং অনস্টেশন ৪টি। চেক জাত ব্রি ধান৭১। ১০টি স্থানের মধ্যে ৯টি স্থানে ১০% এর চেয়ে বেশি ফলন পাওয়া গিয়েছে। ১টি স্থানে প্রস্তাবিত জাতটিতে চেক জাতের থেকে ১০% এর চেয়ে কম ফলন পাওয়া গিয়েছে।

অঞ্চল	ট্রায়াল লোকেশন	জীবনকাল (দিন)		ফলন (টন/হেক্টর)		ফলন পার্থক্য (%)
		প্রস্তাবিত জাত	চেক জাত	প্রস্তাবিত জাত	চেক জাত	
ঢাকা	ব্রি, গাজীপুর	১১৯	১১৮	৪.৮২	৪.১৬	১৫.৮৬
ময়মনসিংহ	বিনা, ময়মনসিংহ	১২৫	১২৩	৫.৫৬	৪.১০	৩৫.৬০
ফরিদপুর	আঞ্চলিক কার্যালয়, ব্রি, ভাঙ্গা, ফরিদপুর	১২৪	১১৬	৫.৬০	৪.৭৫	১৭.৮৯
রাজশাহী	আঞ্চলিক কার্যালয়, ব্রি, রাজশাহী	১২৫	১২১	৪.৪৮	২.৩৯	৮৭.৪৪
কুমিল্লা	দেবীদ্বার, কুমিল্লা	১২৩	১২১	৬.৮২	৫.৩৪	২৭.৭১
চট্টগ্রাম	ফেনী সদর, ফেনী	১১৯	১১৬	৭.৫৫	৬.৩১	১৯.৬৫
যশোর	যশোর সদর, যশোর	১১৭	১১৪	৫.৪০	৫.৩৩	১.৩১
দিনাজপুর	দিনাজপুর সদর, দিনাজপুর	১২৮	১২৯	৫.৮১	৪.৯২	১৮.০৮
রংপুর	মিঠাপুকুর, রংপুর	১২৯	১২৬	৬.৫৮	৫.২৮	২৪.৬২
বগুড়া	সদর, বগুড়া	১১৩	১১২	৫.৪৭	৪.৮৯	১১.৮৬
গড়		১২২	১১৯	৫.৮১	৪.৭৫	

২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে VCU পরীক্ষা রোগ ও পোকামাকড়ের উপস্থিতির মাত্রা

রোগের নাম	স্কের	লোকেশন	মন্তব্য
ব্যাকটেরিয়াল রাইট/	৭	ব্রি, গাজীপুর	
ব্যাকটেরিয়াল লিফ রাইট	৫	মিঠাপুকুর, রংপুর ও আঞ্চলিক কার্যালয়, ব্রি, রাজশাহী	

৫

Jalam

	৩	বিনা, ময়মনসিংহ, ফেনী সদর, যশোর সদর ও দিনাজপুর সদর	
সীথ রাইট	৫	ব্রি, গাজীপুর	
	৩	দেবিদ্বার, কুমিল্লা, ফেনী সদর, যশোর সদর ও বগুড়া সদর	

পোকার আক্রমণঃ হলুদ মাজরা পোকা, লীফ ফোল্ডার এবং গাঙ্গী পোকার আক্রমণ ছিল তবে তা সহনীয় মাত্রায় ছিল।

আলোচনার এ পর্যায়ে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সংশ্লিষ্ট ব্রিডারকে প্রস্তাবিত জাত সম্পর্কে সংক্ষেপে তথ্য উপস্থাপন করার অনুরোধ করেন।

আলোচনার শুরুতে জনাব মোহাম্মদ মিজানুর রহমান, ডিরেক্টর, আর এন্ড ডি এন্ড অপারেশন্স, এসিআই পিএলসি বলেন, প্রস্তাবিত জাত এসিআই ধানঃ VCU ট্রায়ালে গড়ে ২২.৩১% ফলন বেশি দিয়েছে। এটিতে গ্র্যামাইলোজ ২৭.১%, লম্বা চিকন দানা, Premium quality grain এবং এতে Drought tolerant ২টি জিন আছে।

জাতটির ব্রিডার জনাব মোঃ বোরহান উদ্দিন রনি, প্রিন্সিপাল সায়েন্টিস্ট, এসিআই পিএলসি বলেন, প্রস্তাবিত জাতটিতে QTL 2.2 এবং QTL4.1 জিন ২টি আছে। 100bp ladder ব্যবহার করে তা নিশ্চিত করা হয়েছে। এসিআই এর নিজস্ব আরএন্ডভিতে Tripple roofing করে বৃষ্টিপাত নিয়ন্ত্রণ করা হয়েছে। Tensiometer ব্যবহার করে Drought tolerance পরিমাপ করা হয়েছে। Vegetative stage এ Drought sensitivity পরীক্ষা করার জন্য Leaf rolling এবং Leaf drying বৈশিষ্ট্য ২ টি বিবেচনা করা হয়েছে। প্রজনন পর্যায়ে ৩০ দিন বৃষ্টিপাত নিয়ন্ত্রণ করা হয়েছে। ৩০ তম দিনে Tensiometer reading ছিল ৮০ কিলো প্যাসকেল যা ছিল সর্বোচ্চ। প্রজনন পর্যায়ে মূলত খরার প্রভাব দেখতে হয়। প্রজনন পর্যায়ে প্রস্তাবিত জাতে Spikelet fertility ছিল ৫৫% যেখানে চেক জাতে ছিল ৪৬%। চাল চিকন এবং ভাত ঝরঝরে এবং Cook rice elongation ratio ১.৬।

এ পর্যায়ে মিজ রেবেকা পারভীন, অতিরিক্ত উপপরিচালক, সীড রেগুলেশন ও মান নিয়ন্ত্রণ বলেন, প্রস্তাবিত জাতটির ব্রি থেকে মলিকুলার টেস্ট করা হয়েছে। পরীক্ষায় দেখা যায়, প্রস্তাবিত জাতটি Tolerant ও Susceptible উভয় চেক এর সাথে একই স্থানে ব্যান্ড প্রদর্শন করে। ফলে নিশ্চিতভাবে বলা যাচ্ছে না জাতটি খরা সহনশীল কিনা।

ড. মোঃ হারুন-অর-রশিদ, প্রফেসর, জেনেটিক্স এন্ড প্ল্যান্ট ব্রিডিং, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং প্রতিনিধি, জেনেটিক্স সোসাইটি অব বাংলাদেশ বলেন, যেহেতু ব্রি কর্তৃক মলিকুলার পরীক্ষায় জিনের উপস্থিতি নিশ্চিত হওয়া যাচ্ছে না, সেহেতু এনএসবি সভার পূর্বে আরেকবার মলিকুলার পরীক্ষা করা উচিত হবে।

জনাব আনোয়ার ফারুক, এডভাইজার, বাংলাদেশ সীড এসোসিয়েশন বলেন, যেহেতু জাতটির গড় ফলন বেশি এটি এনএসবি তে সুপারিশ করা যেতে পারে। এনএসবি সভার পূর্বে আরেকবার মলিকুলার পরীক্ষা করে ফলাফল উপস্থাপন করা যেতে পারে।

সিদ্ধান্তঃ ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৫ অনুসারে এসিআই লিমিটেড কর্তৃক প্রস্তাবিত কৌলিক সারি ASRBCR1486-BRGA-1 কে খরাসহনশীল ১(এক)টি ইনব্রেড আমন ধানের জাত এসিআই ধানঃ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।

শর্তঃ প্রস্তাবিত জাতটিতে qDTY2.2 এবং qDTY4.1 জিনের উপস্থিতি নিশ্চিত হওয়ার জন্য পুনরায় ডিএনএ পরীক্ষা করে এনএসবিতে উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয় ৫ঃ সুগ্রীম সীড কোম্পানি লিমিটেড কর্তৃক প্রস্তাবিত ১(এক)টি ইনব্রেড আমন ধানের জাতের ছাড়করণ।

সুগ্রীম সীড কোম্পানি লিমিটেড কর্তৃক প্রেরিত আবেদনপত্রে উল্লিখিত তথ্যমতে, প্রস্তাবিত সুগ্রীম ধানঃ এর কৌলিক সারি নং- SR0214-20-11-6-3-1 জাতটি সুগ্রীম রাইছ ইনব্রেড জার্মপ্লাজম SRIG024 ও SRIG132 (SRIG- Supreme Rice Inbred Germplasm) এর সংকরায়নের মাধ্যমে এবং কৌলিক বাছাই (Pedigree Selection) পদ্ধতিতে উদ্ভাবিত হয়। উক্ত কৌলিক গবেষণা কার্যক্রম ২০১৯ সাল থেকে শুরু হয় এবং মাঠ পর্যায়ে পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়।

বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের ২০২৪-২৫ ও ২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান৪৯ হতে DUS পরীক্ষার ৪০টি বৈশিষ্ট্যের মধ্যে নিম্নোক্ত ৯টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া গিয়েছে।

Sl. No.	Characteristics	Proposed Variety ACI dhan4	Check Variety BRRI dhan71
01.	3 Time of heading (50% of plants with heads)	Medium	Late
02.	14 Stem length (culm length): measure from the base of the plants to the neck of the panicles	Long	Medium
03.	19 Panicle length: measured from the neck to the tip of the panicle of main tillers without awns	Medium	Long
04.	21 Panicle: number of effective tillers per plant	Medium	Many
05.	28 Panicle: exertion	Moderately exerted	Well exerted
06.	29 Time of maturity	Medium	Late
07.	30 Grain: weight of 1000 fully developed grains (adjusted at 12% moisture)	High	Medium
08.	34 Leaf senescence: penultimate leaves are observed at the time of harvest	Late and slow	Intermediate
09.	35 Decorticated grain: shape (Length-width (widest point) ratio of dehulled grain)	Medium	Medium slender

২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে VCU পরীক্ষায় প্রাপ্ত ফলাফল

প্রস্তাবিত জাতটি ২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে ১০টি অঞ্চলের ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। অনফার্ম ৬টি এবং অনস্টেশন ৪টি। চেক জাত ব্রি ধান৮৭। ১০টি স্থানের মধ্যে ৯টি স্থানে ১০% এর চেয়ে বেশি ফলন পাওয়া গিয়েছে। ১টি স্থানে প্রস্তাবিত জাতটিতে চেক জাতের থেকে ১০% এর চেয়ে কম ফলন পাওয়া গিয়েছে।

অঞ্চল	ট্রায়াল লোকেশন	জীবনকাল (দিন)		ফলন (টন/হেক্টর)		ফলন পার্থক্য (%)
		প্রস্তাবিত জাত	চেক জাত	প্রস্তাবিত জাত	চেক জাত	
ঢাকা	ব্রি, গাজীপুর	১৩০	১২৫	৫.৭৯	৩.৩৭	৭১.৮১
ময়মনসিংহ	বিনা, ময়মনসিংহ	১৩০	১২৮	৪.৪৮	২.৩৬	৮৯.৮৩
ফরিদপুর	আঞ্চলিক কার্যালয়, ব্রি, ফরিদপুর	১৪৩	১৩৭	৬.৪৩	৫.৪৭	১৭.৫৫
রাজশাহী	আঞ্চলিক কার্যালয়, ব্রি, রাজশাহী	১২১	১১৮	৬.১৬	৪.৯৩	২৪.৯৫
কুমিল্লা	দেবীদ্বার, কুমিল্লা	১৩২	১২৪	৫.৮৪	৩.৩৯	৭২.২৭
চট্টগ্রাম	ফেনী সদর, ফেনী	১৩৩	১২৫	৬.৭৬	৪.২৫	৫৯.০৬
যশোর	যশোর সদর, যশোর	১২৩	১২৫	৬.৯৪	৬.৬২	৪.৮৩
দিনাজপুর	দিনাজপুর সদর, দিনাজপুর	১২৪	১২৫	৭.১৩	৫.৬৩	২৬.৬৪
বগুড়া	বগুড়া সদর, বগুড়া	১২৫	১২৭	৬.৮৬	৫.৩৪	২৮.৪৬
রংপুর	মিঠাপুকুর, রংপুর	১৩৫	১৩২	৬.৮৭	৫.৬৩	২২.০২
গড়		১৩০	১২৭	৬.৩৩	৪.৭০	

প্রস্তাবিত জাতটির গড় ফলন ৬.৩৩ মে.টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান৮৭ এর গড় ফলন ৪.৭০ মে.টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১৩০দিন ও চেক জাতের জীবনকাল ১২৭দিন।

১

Jalam

২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে VCU পরীক্ষা রোগ ও পোকামাকড়ের উপস্থিতির মাত্রা

রোগের নাম	স্কোর	লোকেশন	মন্তব্য
ব্যাকটেরিয়াল ব্লাইট/ ব্যাকটেরিয়াল লিফ ব্লাইট	৭	ব্রি, গাজীপুর	
	৫	মিঠাপুকুর, রংপুর ও আঞ্চলিক কার্যালয়, ব্রি, রাজশাহী	
	৩	বিনা, ময়মনসিংহ, ফেনী সদর, যশোর সদর ও দিনাজপুর সদর	
সীথ ব্লাইট	৫	ব্রি, গাজীপুর	
	৩	দেবিদ্বার, কুমিল্লা, ফেনী সদর, যশোর সদর ও বগুড়া সদর	

পোকার আক্রমণঃ হলুদ মাজরা পোকা, লীফ ফোল্ডার এবং গাঙ্গী পোকার আক্রমণ ছিল তবে তা সহনীয় মাত্রায় ছিল।

আলোচনার এ পর্যায়ে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি সংশ্লিষ্ট ব্রিডারকে প্রস্তাবিত জাত সম্পর্কে সংক্ষেপে তথ্য উপস্থাপন করার অনুরোধ করেন।

আলোচনার শুরুতে জাতটির ব্রিডার জনাব হারুন মোঃ সামছুল হুদা, এডভাইজর, সুপ্রীম সীড বলেন, প্রস্তাবিত জাতটি স্বল্পমেয়াদী, জীবনকাল ১২৫-১৩০ দিন। আলু-সরিষা এর পরপর এটি চাষ করা যাবে। এটির গড় ফলন ৬.৩-৬.৮ টন/হে:। Yield potential ৭-৭.৫ টন/ হে:। দানা মাঝারি আকারের। আমন মৌসুমের জাতগুলোর Fertility সাধারণত ৭০-৮০% হয়ে থাকে সেখানে প্রস্তাবিত জাতটির Fertility ৯০%। Effective tiller সংখ্যা ৭-৮টি। ভাত ঝরঝরে ও সুস্বাদু। গত ২-৩ বছর ধরে আমন মৌসুমে বেরী আবহাওয়ার কারণে রোগ ও পোকামাকড়ের আক্রমণ বেশি দেখা যায়। সেখানে প্রস্তাবিত জাতটিতে রোগ ও পোকামাকড়ের আক্রমণ তুলনামূলক কম। প্রতিকূল পরিবেশে যদি কোন জাত ভালো ফলন দিতে পারে তাহলে তাকে ভালো জাত বলা যেতে পারে।

ড. উম্মে সিরাজুম মনিরা, সিনিয়র সীড টেকনোলজিস্ট, সুপ্রীম সীড বলেন, জাতটির হেড রাইস রিকভারি ৬৮% এবং মিলিং আউটরাঁ ৭৪%। জাতটির Cooking time ১৭.৫ মিনিট, Decorticated grain length ৫.৭২ মিমি এবং Cook rice elongation ratio ১.৫। কৃষকের পছন্দের বিষয়টি অনুসরণ করেই জাতটি উদ্ভাবন করা হয়েছে।

ড. মোঃ হারুন-অর-রশিদ, প্রফেসর, জেনেটিক্স এন্ড প্ল্যান্ট ব্রিডিং, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এবং প্রতিনিধি, জেনেটিক্স সোসাইটি অব বাংলাদেশ বলেন, আঞ্চলিক কার্যালয়, ব্রি, ফরিদপুর এ জীবনকাল ১৪৩ দিন এবং আঞ্চলিক কার্যালয়, ব্রি, রাজশাহীতে জীবনকাল ১২১ দিন। এ ২টি স্থানে জীবনকালের পার্থক্য ২২ দিন কেন তা জানতে চান।

এর উত্তরে ড. মোঃ আবদুছ ছালাম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি বলেন, রাজশাহী Dry prone area হওয়াতে মাটির আর্দ্রতা কম থাকে। ফলে জীবনকাল কম। অপরপক্ষে ফরিদপুরে মাটির আর্দ্রতা ও একফসলী হওয়ায় জীবনকাল বেশি।

সিদ্ধান্তঃ ইনব্রিড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি, ২০২৫ অনুসারে সুপ্রীম সীড কোম্পানি লিমিটেড কর্তৃক প্রস্তাবিত কৌলিক সারি SR0214-20-11-6-3-1 কে সুপ্রীম ধান হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।

আলোচ্য বিষয় ৬ঃ ২০২৫-২৬ খরিফ-২ মৌসুমের আমন হাইব্রিড ধানের জাতসমূহের গোপনীয় কোড উন্মোচন।

২০২৫-২৬ খরিফ- ২ মৌসুমে আমন হাইব্রিড ধানের ১ম বর্ষে বাস্তবায়িত ট্রায়ালের ১৩টি লাইন/ জাত

Sl. No.	Organization	Variety Name & Parentage	Source Country	Remarks
1.	Kushiara Seeds	Surma hybrid dhan1 (KS1203A/KS905R)	China	1 st Year
2.	Syngenta Bangladesh Limited	Syngenta hybrid dhan13 S1213 (RNC0765) 10383A/XaR593	India	1 st Year

3.	Syngenta Bangladesh Limited	Syngenta hybrid dhan14 S1218 (Nk7104)	India	1 st Year
4.	Blessing Agrovet Industries Ltd.	Blessing hybrid dhan3 (PAC-8202500) 2500A/2500R	India	1 st Year
5.	Mitali Agro Seed Industries	Mitali Agro hybrid dhan8 (Subornow1, PAN7001) An-84A/ An-5217R	India	1 st Year
6.	Square Pharmaceuticals Plc	Square hybrid dhan3 (SHX_4891) EC899139A/ EC935955R	India	1 st Year
7.	Integrated Crop Solution Bangladesh	ICS hybrid dhan1 Progoti1 (Qunan 9311x YR853)	China	1 st Year
8.	Integrated Crop Solution Bangladesh	ICS hybrid dhan2 Ruposhi1 (Qunan 9311x YR823)	China	1 st Year
9.	Partex Agro Limited	Partex hybrid dhan9 (ARBH18001) 8001A/ 8001R	India	1 st Year
10.	ACI Limited	ACI hybrid dhan22 (BGH44) ASRBCH7A/ ASRBCH198R	Bangladesh	1 st Year
11.	Winall Hi-Tech Seed Co. Bangladesh Limited	Winall Hybrid dhan14 Qunan 9311Ax YR851	China	1 st Year
12.	Winall Hi-Tech Seed Co. Bangladesh Limited	Winall Hybrid dhan15 Qunan 9311Ax YR821	China	1 st Year
13.	National Agri Care Import & Export Limited	National Agri Care Hybrid dhan11 (PAC8202365) 2365A/ 2365R	India	1 st Year

২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে আমন হাইব্রিড ধানের ২য় বর্ষে বাস্তবায়িত ট্রায়ালের ১১টি লাইন/ জাত

Sl. No.	Organization	Variety Name & Parentage	Source Country	Remarks
1.	RiceCo International Bangladesh Ltd.	RiceCo hybrid dhan3 (ADC8200) 148202401A/ 168202412R	India	2 nd Year
2.	RiceCo International Bangladesh Ltd.	RiceCo hybrid dhan4 (ADC8283) 148202402A/ 168202402R	India	2 nd Year
3.	BRAC	BRAC hybrid dhan24 BRAC Prince (BG 043A/ BG 301R)	Bangladesh	2 nd Year
4.	BRAC	BRAC hybrid dhan25 BRAC Gold (BG 020A/ BG 451R)	Bangladesh	2 nd Year
5.	VNR Seeds Bangladesh PVT Ltd.	VNR hybrid dhan8 (VNR-17444) VNRF-96/ VNRRDN-10221	India	2 nd Year
6.	VNR Seeds Bangladesh PVT Ltd.	VNR hybrid dhan7 (VNR-19796) VNRF-323/ VNRRDN-234	India	2 nd Year
7.	Syngenta Bangladesh Limited	Syngenta hybrid dhan12 S1217 (RNCO752) 10383A/ND168726	India	2 nd Year
8.	Supreme Seed Company Limited	Supreme hybrid dhan20 (Heera 20, KPHB497) K-19A/ K-19R	India	2 nd Year
9.	Supreme Seed Company Limited	Supreme hybrid dhan22 (হীরা ২২, TJ2302) JIA 02A/ JIA R11	China	2 nd Year
10.	Square Pharmaceuticals Plc	Square hybrid dhan2 (PAC8202367)	India	2 nd Year
11.	Eon Agro Industries Limited	Eon hybrid dhan2 (APON Dhan2) 148202368A/168202368R	India	2 nd Year

উল্লিখিত ২৪টি হাইব্রিড জাতের সাথে চেক জাতসহ (ব্রিডান৮৭) মোট ২৬ টি জাত ২টি সেটে বিভক্ত করে ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও জেলা বীজ

Salau
2

প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোডভিত্তিক তৈরিপূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়নের কোড ভিত্তিক দুই বছরের ফলাফল Computerized Mean Performance এর ভিত্তিতে Compilation পূর্বক পর্যালোচনার জন্য অধ্যকার সভায় উপস্থাপন করা হলো। এ ক্ষেত্রে প্রস্তাবিত জাতের ২(দুই) বছরের গড় হেটারোসিস অনস্টেশন ও অনফার্ম এ পৃথকভাবে ইনব্রিড চেকজাতের চেয়ে ২০% বেশি হতে হবে। উল্লেখ্য, প্রথম বছরের ট্রায়ালের ক্ষেত্রে শুধুমাত্র কোড উন্মোচন করে ফলাফল প্রকাশ করা হয়।

২য় বছরে ট্রায়ালকৃত ১১টি জাতের ফলাফল পর্যালোচনা করে দেখা যায়, ট্রায়ালকৃত আমন হাইব্রিড ধানের ১১টি জাতের মধ্যে ৩টি জাত অনস্টেশন ও অনফার্মে ৩টি'র অধিক অঞ্চলে এবং ২টি জাত অনস্টেশন ও অনফার্মে ৩টি অঞ্চলে চেক জাত হতে স্ট্যান্ডার্ড হেটারোসিস ২০% বেশি হয়েছে।

২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে পাশকৃত আমন হাইব্রিড ধানের ফলাফল

ক্র. নং	নিবন্ধনের জন্য প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস	আবেদনকারী প্রতিষ্ঠানের নাম	গড় ফলন (টন/হে.) ও জীবনকাল (দিন)		বৈশিষ্ট্য	ট্রায়ালে পাশকৃত অঞ্চলের			নিবন্ধনের জন্য সুপারিশকৃত অঞ্চল
			প্রস্তাবিত জাত	চেকজাত ব্রি ধান৮৭		নাম	অনস্টেশন হেটারোসিস %	অনফার্ম হেটারোসিস %	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১।	ব্র্যাক হাইব্রিড ধান২১ (BRAC Prince) বাংলাদেশ	ব্র্যাক	ফলন: ৭.৬৪ জীবনকাল: ১২২	ফলন: ৫.৬৯ জীবনকাল: ১২৪	চিকন দানা	চট্টগ্রাম খুলনা রাজশাহী রংপুর দিনাজপুর	৩০.৮৪ ২৮.২৪ ৩০.৩৯ ৪০.৩৫ ৩৯.৩৯	২৮.৬৮ ২৮.০৬ ৩০.৭০ ৩৯.৫৮ ৩৪.২৮	সারা বাংলাদেশ
২।	ব্র্যাক হাইব্রিড ধান২২ (BRAC Gold) বাংলাদেশ	ব্র্যাক	ফলন: ৭.৭০ জীবনকাল: ১২১	ফলন: ৫.৬৯ জীবনকাল: ১২৪	চিকন দানা	চট্টগ্রাম খুলনা রংপুর দিনাজপুর	৩২.৯৬ ২৯.৭৩ ৩৪.৪২ ৩৪.৮৭	৩০.৮৩ ২৭.১৩ ৩৫.২৯ ৩৩.১৫	সারা বাংলাদেশ
৩।	সুপ্রীম হাইব্রিড ধান১৯ (হীরা ২২, TJ2302) চীন	সুপ্রীম সীড কোম্পানি লিমিটেড	ফলন: ৭.০৩ জীবনকাল: ১১৯	ফলন: ৫.৬৯ জীবনকাল: ১২৪	চিকন দানা	খুলনা রাজশাহী দিনাজপুর	২২.১৬ ২১.৭২ ২১.২৯	২১.২৫ ২৬.৯৪ ২৪.৪২	খুলনা, রাজশাহী ও দিনাজপুর
৪।	ভিএনআর হাইব্রিড ধান৭ (VNR-17444) ভারত	ভিএনআর সীড বাংলাদেশ প্রাইভেট লিমিটেড	ফলন: ৭.৭৪ জীবনকাল: ১১৯	ফলন: ৫.৬৯ জীবনকাল: ১২৪	চিকন দানা	চট্টগ্রাম খুলনা রংপুর দিনাজপুর	৩২.২৬ ৩২.৭২ ৩৩.৮৮ ৩৪.৯৫	২৯.৬৩ ৩১.২০ ৩৬.৪২ ৩২.৬৮	সারা বাংলাদেশ
৫।	রাইসকো হাইব্রিড ধান৩ (ADC8283) ভারত	রাইসকো ইন্টারন্যাশনাল বাংলাদেশ লিমিটেড	ফলন: ৭.৫৮ জীবনকাল: ১১৭	ফলন: ৫.৬৯ জীবনকাল: ১২৪	মাকারী মোটা দানা	চট্টগ্রাম খুলনা রংপুর	৩০.৮৮ ৩৩.২৯ ৩২.২২	২৬.৭৫ ২৭.৪১ ৩২.৯৭	চট্টগ্রাম, খুলনা ও রংপুর

২০২৫-২৬ খরিফ-২ মৌসুমে আমন হাইব্রিড ধানের ২য় বর্ষে ট্রায়ালকৃত ১১টি জাতের কোড ভিত্তিক অ্যামাইলোজের পরিমাণ (%)

ক্র. নং	কোড	জাতের নাম	প্রতিষ্ঠানের নাম	অ্যামাইলোজের পরিমাণ (%)
১।	H-1819	BRAC hybrid dhan21 BRAC Prince	BRAC	২২.৭
২।	H-1820	RiceCo hybrid dhan3 (ADC8283)	RiceCo International Bangladesh Ltd.	২২.৫
৩।	H-1821	VNR hybrid dhan7 (VNR-17444)	VNR Seeds Bangladesh PVT Ltd.	২৩.৭

Salam
✓

৪।	H-1827	Supreme hybrid dhan19 (হীরা ২২)	Supreme Seed Company Limited	২৬.৪
৫।	H-1830	BRAC hybrid dhan22 BRAC Gold	BRAC	২৬.২

সিদ্ধান্ত: ২০২৪-২৫ ও ২০২৫-২৬ শরিক-২ মৌসুমে ট্রায়ালকৃত আমন হাইব্রিড ধানের ১১টি জাতের মধ্যে ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে ৩টি জাত ব্র্যাক হাইব্রিড ধান২১ (BRAC Prince), ব্র্যাক হাইব্রিড ধান২২ (BRAC Gold) ও ভিএনআর হাইব্রিড ধান৭ (VNR-17444) ৩টি'র অধিক অঞ্চলে চেক জাত ব্রি ধান৮৭ এর চেয়ে স্ট্যান্ডার্ড হেটারোসিস ২০% বেশি হওয়ায় সারাদেশে এবং ২টি জাত সুপ্রীম হাইব্রিড ধান১৯ (হীরা ২২, TJ2302) (খুলনা, রাজশাহী ও দিনাজপুর) ও রাইসকো হাইব্রিড ধান৩ (ADC8283) (চট্টগ্রাম, খুলনা ও রংপুর) ৩টি অঞ্চলে চেক জাত ব্রি ধান৮৭ এর চেয়ে স্ট্যান্ডার্ড হেটারোসিস ২০% বেশি হওয়ায় অঞ্চলভিত্তিক নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।

আলোচ্য বিষয় ৭: বিবিধ

(ক) নোটিফাইড ফসলের বিভিন্ন লাইনের ডিইউএস ও ভিসিইউ টেস্টের জন্য আবেদনপত্রসহ বীজ জমা দানের বিষয়ে সংশ্লিষ্ট গাইডলাইনে উল্লিখিত তারিখ অনুসরণ।

গত ০৮.০৯.২০২৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৪তম সভায় নোটিফাইড ফসলের বিভিন্ন লাইনের ডিইউএস ও ভিসিইউ টেস্টের জন্য আবেদনপত্রসহ বীজ জমা দেওয়ার বিষয়ে সর্বসম্মতিক্রমে সুনির্দিষ্ট তারিখ নির্ধারণ করে দেয়া হয়।

সংশ্লিষ্ট ফসলের জন্য নির্ধারিত তারিখ থাকা সত্ত্বেও অনেক সময় গবেষণা প্রতিষ্ঠানসহ বিভিন্ন জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠানসমূহ তাদের প্রস্তাবিত জাতের বীজ ও তথ্যসম্বলিত আবেদনপত্র নির্ধারিত সময়ে জমা দিতে বিলম্ব করে। ফলে মৌসুম অনুযায়ী বিভিন্ন নোটিফাইড ফসলের বীজ সময়মত বপন করতে না পারা তথা ট্রায়াল বাস্তবায়ন করতে অসুবিধার সম্মুখীন হতে হয়।

সিদ্ধান্ত: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৪তম সভার সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত তারিখ অনুযায়ী নোটিফাইড ফসলের বিভিন্ন লাইনের ডিইউএস ও ভিসিইউ টেস্টের জন্য আবেদনপত্রসহ বীজ জমা দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৪তম সভায় নোটিফাইড ফসলের বিভিন্ন লাইনের ডিইউএস ও ভিসিইউ টেস্টের জন্য আবেদনপত্রসহ বীজ জমা দেওয়া বিষয়ক সিদ্ধান্তঃ সকল গবেষণা প্রতিষ্ঠানসহ অন্যান্য জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠানকে ছকপত্র মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্রসহ বীজ ও সকল ডকুমেন্ট, ট্রায়াল ফী ও চালান বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর জমাদান করতে হবে।

ক্র. নং	ফসলের নাম	অনলাইনে আবেদন (DUS Software এর মাধ্যমে) এবং বীজ জমা দানের শেষ তারিখ	VCU টেস্টের আবেদন এবং বীজ জমা দানের শেষ তারিখ
১	বোরো ধান	২০ অক্টোবর	১ নভেম্বর
২	আমন ধান	১৫ মে	১৫ মে
৩	আউশ ধান	১৫ ফেব্রুয়ারী	১ মার্চ
৪	গম	১৫ অক্টোবর	১৫ অক্টোবর
৫	পাট (দেশী)	১৫ জানুয়ারী	১৫ জানুয়ারী
৬	পাট (তোষা)	১৫ ফেব্রুয়ারী	১৫ ফেব্রুয়ারী
৭	কেনাফ	১৫ জানুয়ারী	১৫ জানুয়ারী
৮	মেস্তা	১৫ ফেব্রুয়ারী	১৫ ফেব্রুয়ারী
৯	আখ	১৫ অক্টোবর	১৫ অক্টোবর

Galam
2

(খ) ইক্ষুর জাত উন্নয়ন, মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি, ২০২২ যথাযথভাবে অনুসরণ

ইক্ষুর জাত উন্নয়ন, মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি, ২০২২ এর ২য় অংশ ইক্ষুর জাত মূল্যায়ন ও ছাড়করণ নির্দেশিকা অনুযায়ী, আবেদনকারী প্রতিষ্ঠান ট্রায়াল বাস্তবায়ন করে থাকে যা সংশোধন করা প্রয়োজন। এ ক্ষেত্রে ইক্ষুর জাত মূল্যায়ন ও ছাড়করণের জন্যও অন্যান্য নোটিফাইড ফসলের মতই বীজ প্রত্যয়ন এজেন্সীর সরাসরি তত্ত্বাবধানে ট্রায়াল বাস্তবায়ন করার প্রক্রিয়াটি অনুসরণের লক্ষ্যে উক্ত নির্দেশিকা সংশোধন অথবা নতুন করে ইক্ষুর জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি (গাইডলাইন) প্রণয়ন করা প্রয়োজন।

ইক্ষুর জাত উন্নয়ন, মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি, ২০২২ এর ২য় অংশ ইক্ষুর জাত মূল্যায়ন ও ছাড়করণ নির্দেশিকা এর-

(১) এর (ক) অনুযায়ী, "আবেদনকারী প্রতিষ্ঠান পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সীকে মাঠ মূল্যায়নের সম্ভাব্য সময়সহ আবেদনপত্র জমা দিতে হবে।"

(১) এর (গ) অনুযায়ী, "প্রযোজ্য ক্ষেত্রে আবেদনকারী আবেদনপত্রের সংগে প্রস্তাবিত জাতের মলিকুলার ডাটা (ডিএনএ ফিংগার প্রিন্টিং ডাটা)-সহ সদস্য-সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি ও পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর পাঠাতে হবে।"

কিন্তু বর্তমানে আখের গাইডলাইন অনুযায়ী পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সীকে মাঠ মূল্যায়নের সম্ভাব্য সময়সহ আবেদনপত্র জমা এবং প্রযোজ্য ক্ষেত্রে আবেদনকারী আবেদনপত্রের সংগে প্রস্তাবিত জাতের মলিকুলার ডাটা (ডিএনএ ফিংগার প্রিন্টিং ডাটা) পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর পাঠানোর কথা থাকলেও তা জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠান কর্তৃক তা যথাযথভাবে অনুসরণ করা হয়না। গাইডলাইন অনুসরণ করে আখের জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠানসমূহের পক্ষে মাঠ মূল্যায়নের সম্ভাব্য সময়সহ আখের জাত মূল্যায়ন ও ছাড়করণের আবেদন এবং প্রযোজ্য ক্ষেত্রে আবেদন পত্রের সংগে প্রস্তাবিত জাতের মলিকুলার ডাটা (ডিএনএ ফিংগার প্রিন্টিং ডাটা)-সহ সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি ও পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর পাঠানো সমীচীন হবে।

নতুন/ সংশোধিত গাইডলাইন প্রণয়নের পূর্ব পর্যন্ত ইক্ষুর জাত উন্নয়ন, মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি, ২০২২ এর ২য় অংশ ইক্ষুর জাত মূল্যায়ন ও ছাড়করণ নির্দেশিকা এর যথাযথভাবে অনুসরণ করে ট্রায়াল বাস্তবায়ন করতে হবে।

সিদ্ধান্ত: বিএআরসি একটি কমিটি গঠন করবে, যে কমিটি অন্যান্য নোটিফাইড ফসলের ন্যায় ইক্ষুর জাত ছাড়করণের জন্য "ইক্ষুর জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি" শীর্ষক গাইডলাইন প্রণয়ন করবে।

(গ) DUS পরীক্ষার ক্ষেত্রে ১ম বছর ও ২য় বছর পরীক্ষার মধ্যে সময়ের ব্যবধান

বাংলাদেশের প্রেক্ষাপটে ডিইউএস পরীক্ষার জন্য জাতীয় বীজ বোর্ড অনুমোদিত গাইডলাইনের সংকলন হলো "Variety Testing Manual" এ ম্যানুয়েলে নোটিফাইড প্রত্যেকটি ফসলের DUS পরীক্ষা পদ্ধতির Test period বিবৃত আছে যে, "Normally two consecutive years for which a proposed variety will be recommended. Test may be continued for a third year if required". অর্থাৎ সাধারণত, একটি প্রস্তাবিত জাত অনুমোদনের জন্য পর পর দুই বছর (কোনো বিরতি ছাড়া) পরীক্ষা করা হবে। যদি প্রয়োজন হয়, তবে এই পরীক্ষা তৃতীয় বছর পর্যন্ত চালিয়ে যাওয়া যেতে পারে।

কিন্তু জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠানসমূহ কোন কোন লাইনের ক্ষেত্রে ১ম বছর DUS পরীক্ষার জন্য আবেদন করার পর পরবর্তী বছর ২য় বছর DUS পরীক্ষার জন্য আবেদন না করে বিরতি দেয় যা গাইডলাইনে বর্ণিত নির্দেশনার পরিপন্থী। এক্ষেত্রে দুই বছর DUS পরীক্ষার মধ্যে কোনরকম বিরতি না দেয়াই সমীচীন।

সিদ্ধান্ত: ১ম ও ২য় বছরের DUS পরীক্ষা পরপর ২(দুই) বছর (কোনো বিরতি ছাড়া) বাস্তবায়ন করতে হবে। ২(দুই) বছরের পরীক্ষার মধ্যে কোন প্রকার ব্যবধান গ্রহণযোগ্য নহে। ২য় বছরের DUS পরীক্ষার পাশাপাশি বা সম্পন্ন করার পরবর্তী বছরের মধ্যেই VCU পরীক্ষা বাস্তবায়ন করতে হবে। ২য় বছরের DUS পরীক্ষা এবং VCU পরীক্ষার মধ্যে কোন প্রকার ব্যবধান গ্রহণযোগ্য নহে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

(ঘ) হাইব্রিড ট্রায়াল বাস্তবায়নের ক্ষেত্রে ১ম বছর ও ২য় বছর পরীক্ষার মধ্যে সময়ের ব্যবধান

হাইব্রিড ধানের জাত মূল্যায়ন এবং নিবন্ধন পদ্ধতি, ২০২৫ অনুযায়ী এর ধারা (৩) এর (১) অনুযায়ী “বীজ প্রত্যয়ন এজেন্সীর তত্ত্বাবধানে ফসলের জাত ও পরিবেশ বিবেচনায় রাখিয়া প্রস্তাবিত হাইব্রিড ধানের জাত পরপর দুই বছর অনস্টেশন ও অনফার্ম ট্রায়াল বাস্তবায়ন করিতে হইবে।”

কিন্তু জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠানসমূহ কোন কোন হাইব্রিড জাতের ক্ষেত্রে ১ম বছর ট্রায়ালে জাত আবেদন করার পর পরবর্তী বছর ২য় বছর ট্রায়ালের জন্য আবেদন না করে বিরতি দেয় যা গাইডলাইন এর শর্ত পূরণ করে না। এক্ষেত্রে দুই বছর ট্রায়ালের মধ্যে কোনরকম বিরতি না দেয়াই সমীচীন।

সিদ্ধান্ত: হাইব্রিড ট্রায়াল বাস্তবায়নের ক্ষেত্রে ১ম বছর ও ২য় বছর পরীক্ষার মধ্যে সময়ের ব্যবধান সর্বোচ্চ ১(এক)বছর করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(ঙ) অনস্টেশনের সংখ্যা বৃদ্ধি

ট্রায়াল বাস্তবায়ন গাইডলাইন অনুযায়ী কেবলমাত্র নির্দিষ্ট সংখ্যক স্টেশনেই ট্রায়াল বাস্তবায়ন করার কথা উল্লেখ আছে। অনস্টেশন ট্রায়াল বাস্তবায়নে অনেক সময় বিভিন্ন প্রতিবন্ধকতার কারণে নির্বাচিত স্টেশনে ট্রায়াল বাস্তবায়ন করা সম্ভব হয় না। এমতাবস্থায় সংশ্লিষ্ট অঞ্চলে অবস্থিত বারি, ব্রি, বিনা, বিজেআরআই, বিডাব্লিউএমআরআই, বিএডিসি, এটিআই যেকোন একটি প্রতিষ্ঠানে অনস্টেশন ট্রায়াল বাস্তবায়নের বিধান থাকলে উল্লিখিত প্রতিবন্ধকতা পরিহার করা সম্ভব হবে।

সিদ্ধান্ত: সংশ্লিষ্ট জেলা বা অঞ্চলে অবস্থিত বারি, ব্রি, বিনা, বিজেআরআই, বিডাব্লিউএমআরআই, বিএডিসি, এটিআই যেকোন একটি প্রতিষ্ঠানের যেকোন স্টেশনে অনস্টেশন ট্রায়াল বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

(চ) বিশেষ গুণসম্পন্ন হাইব্রিড ধানের জাতের ট্রায়াল বাস্তবায়ন

সাধারণভাবে হাইব্রিড ধানের জাত শুধুমাত্র উচ্চ ফলনশীলই ছিল। কিন্তু বর্তমানের কিছু কিছু প্রতিষ্ঠান বিশেষ গুণসম্পন্ন ও প্রতিকূলতা সহিষ্ণু হাইব্রিড জাতের আবেদন করছেন। এমতাবস্থায় বিশেষ গুণসম্পন্ন ও প্রতিকূলতা সহনশীল/ স্ট্রেস টলারেন্স ইনব্রেড জাতের ট্রায়ালের মত করে গুণসম্পন্ন ও প্রতিকূলতা সহিষ্ণু/ স্ট্রেস টলারেন্স হাইব্রিড জাতের ট্রায়াল বাস্তবায়ন করা যেতে পারে।

সিদ্ধান্ত: বিশেষ গুণসম্পন্ন ও প্রতিকূলতা সহনশীল/ স্ট্রেস টলারেন্স হাইব্রিড জাতের ট্রায়াল বাস্তবায়ন প্রক্রিয়া বিশেষ গুণসম্পন্ন ও প্রতিকূলতা সহনশীল/ স্ট্রেস টলারেন্স ইনব্রেড জাতের ট্রায়ালের অনুরূপ হবে।

(ছ) নোটিফাইড ফসলের ইনব্রেড জাতের ট্রায়াল বাস্তবায়নে ব্রিডার নির্বাচন

জাতীয় বীজ বোর্ডের ১১০তম সভার আলোচ্য বিষয় ৫এর সিদ্ধান্ত অনুযায়ী, আঞ্চলিক মাঠ মূল্যায়ন দলের সদস্য হিসেবে একজন প্রজননবিদ (নিকটবর্তী NARS প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ফসলের অভিজ্ঞ প্রতিনিধি) থাকার কথা। বাস্তবে দেখা যায়, সংশ্লিষ্ট লাইনের প্রজননবিদকে মূল্যায়ন দলের সদস্য হিসেবে মনোনয়ন দেয়া হয়। সংশ্লিষ্ট জাতের প্রজননবিদের উপস্থিতি অনেক সময় সমস্যার সৃষ্টি করে। এমতাবস্থায় জাতীয় বীজ বোর্ডের ১১০তম সভার আলোচ্য বিষয় ৫এর সিদ্ধান্ত মোতাবেক আঞ্চলিক মাঠ মূল্যায়ন দলের সদস্য হিসেবে নিকটবর্তী NARS প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ফসলের প্রজননবিদ নির্বাচন করা যেতে পারে।

সিদ্ধান্ত: জাতীয় বীজ বোর্ডের ১১০তম সভার আলোচ্য বিষয় ৫এর সিদ্ধান্ত মোতাবেক আঞ্চলিক মাঠ মূল্যায়ন দলের সদস্য হিসেবে নিকটবর্তী NARS প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ফসলের প্রজননবিদ নির্বাচন করা হবে। প্রস্তাবিত জাতের প্রজননবিদের উপস্থিতি আবশ্যিক নহে।

জাতীয় বীজ বোর্ডের ১১০তম সভার আলোচ্য বিষয় ৫এর সিদ্ধান্তঃ ফসলের জাত মূল্যায়নের জন্য 'আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার' এর পরিবর্তে 'জেলা বীজ প্রত্যয়ন অফিসার' কে সদস্য সচিব করে নিম্নবর্ণিতভাবে আঞ্চলিক মাঠ মূল্যায়ন দল পুনর্গঠন করা হলো। যথা- (১) অতিরিক্ত পরিচালক, ডিএই - দলনেতা; (২) আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, এসসিএ - সদস্য; (৩) উপপরিচালক (বীজ বিপণন), বিএডিসি-সদস্য; (৪) কীটতত্ত্ববিদ (নিকটবর্তী NARS প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ফসলের অভিজ্ঞ প্রতিনিধি)-সদস্য; (৫) রোগতত্ত্ববিদ

Jalam
2

(নিকটবর্তী NARS প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ফসলের অভিজ্ঞ প্রতিনিধি)- সদস্য; (৬) প্রজননবিদ (নিকটবর্তী NARS প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ফসলের অভিজ্ঞ প্রতিনিধি)- সদস্য; (৭) জেলা বীজ প্রত্যয়ন অফিসার, এসসিএ, সংশ্লিষ্ট জেলা-সদস্য সচিব।

(জ) আমন মৌসুমে লবণাক্ততা সহনশীল জাত ও অন্যান্য প্রতিকূলতা সহনশীল/ স্ট্রেস টলারেন্স জাত উদ্ভাবন

ধান চাষের ক্ষেত্রে লবণাক্ততার পরিমাণ ৪(চার)ডিএস/মি. (4dS/m) পর্যন্ত ফলনে তেমন কোন সমস্যা সৃষ্টি করে না। বিগত বছরগুলোতে আমন মৌসুমে ট্রায়াল বাস্তবায়ন করতে গিয়ে লক্ষ্য করা গেছে যে, আমন মৌসুমে লবণাক্ততার পরিমাণ ৪(চার) ডিএস/মি. (4dS/m) এর বেশী পাওয়া যায় না। এমতাবস্থায় আমন মৌসুমে লবণাক্ততা সহনশীল জাত উদ্ভাবনের প্রস্তাবনা কতটা যুক্তিযুক্ত?

তাছাড়া আরও কিছু প্রতিকূলতা সহনশীল/ স্ট্রেস টলারেন্স জাত উদ্ভাবনের প্রস্তাব করা হয় যেমন কোল্ড টলারেন্স, হিট টলারেন্স ইত্যাদি। এসব ক্ষেত্রে যে সমস্যা পরিলক্ষিত হয় তা হল ট্রায়ালের মৌসুমে উপরোক্ত প্রতিকূল অবস্থা না পাওয়া। অর্থাৎ কোল্ড টলারেন্স জাত উদ্ভাবনের জন্য ট্রায়াল বাস্তবায়ন করা হল কিন্তু ঐ মৌসুমে কোল্ড তেমন পাওয়া গেল না। ফলে ট্রায়াল বাস্তবায়নের উদ্দেশ্য সফল হয় না। এ ক্ষেত্রে দ্বিতীয়বার ট্রায়াল বা পুনরায় ট্রায়াল বাস্তবায়ন করার ব্যবস্থা করা যেতে পারে। এছাড়া এ ধরনের ট্রায়াল বাস্তবায়নে অন্য কোনভাবে পরীক্ষা যায় কিনা?


সিদ্ধান্ত: জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠান Artificially stress induce করে নিজস্ব তত্ত্বাবধানে যে ট্রায়াল বাস্তবায়ন করে তা বীজ প্রত্যয়ন এজেন্সীর কর্মকর্তা মনিটরিং এবং ডাটা বেকর্ড করবেন। বীজ প্রত্যয়ন এজেন্সীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র কারিগরি কমিটির সভায় উপস্থাপন করতে হবে।


(ঝ) কারিগরি কমিটিতে DUS ও VCU পরীক্ষার ফলাফল উপস্থাপনে সময়ের ব্যবধান সংক্রান্ত

কোন কোন জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠান প্রস্তাবিত জাতের DUS ও VCU পরীক্ষার সম্পন্ন হওয়ার ২-৩ বছর বা আরও বেশী সময় অতিবাহিত হওয়ার পর জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিতে ফলাফল উপস্থাপনের জন্য বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর আবেদন করে। বেশী সময় অতিবাহিত হলে পূর্বের ডাটা আর বর্তমান পরিস্থিতির সাথে মিল নাও থাকতে পারে (মাটি ও আবহাওয়ার কারণে জাতের পারফরম্যান্স পরিবর্তন হয়ে যেতে পারে) এবং পূর্বের ফলাফল এখনকার কৃষি পরিস্থিতির সাথে সামঞ্জস্যপূর্ণ নাও হতে পারে। কারিগরি কমিটিতে DUS ও VCU পরীক্ষার ফলাফল উপস্থাপনে সময়ের ব্যবধান থাকা উচিত নয়। এই ক্ষেত্রে বীজ প্রত্যয়ন এজেন্সী সপ্রনোদিত হয়ে কারিগরি কমিটিতে উপস্থাপন করতে পারে কিনা?

সিদ্ধান্ত: DUS ও VCU পরীক্ষার ফলাফল উপস্থাপনে সময়ের ব্যবধান থাকা যাবেনা, অর্থাৎ, DUS ও VCU পরীক্ষার ফলাফল প্রাপ্তির অব্যবহিত (immediate) পরবর্তী সভায় তা জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করতে হবে।

উল্লেখ্য, যেসকল জাতগুলোতে বর্তমানে ব্যবধান আছে সেগুলো আগামী ১(এক) বছরের মধ্যে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিতে উপস্থাপন করতে হবে।


ড. মোঃ জাকির হোসেন
পরিচালক
বীজ প্রত্যয়ন এজেন্সী
ও
সদস্য সচিব
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি
ফোন: +৮৮০২-৪৯২৭২২০০
ই-মেইল: dir.sca.gov.bd@gmail.com


ড. মোঃ আবদুছ হালাম
নির্বাহী চেয়ারম্যান
বিএআরসি
ও
সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি
ফোন: +৮৮০২-৪১০২৫২৫২
ই-মেইল: ec.barc@barc.gov.bd

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৬তম সভায় সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সদস্যবৃন্দ/প্রতিনিধিগণের উপস্থিতি:




স্থান: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি), ফার্মগেট, ঢাকা এর ১ নং সম্মেলন কক্ষ।

তারিখ: ০৪ মে, ২০২৬ খ্রি:।

সময়: ১০.০০ ঘটিকা।

ক্র: নং	সদস্যবৃন্দ/প্রতিনিধিগণের নাম	পদবী এবং প্রতিষ্ঠানের নাম	মোবাইল এবং ই-মেইল নম্বর	স্বাক্ষর
১।	ড. মোঃ আব্দুল হান্নাম নির্বাহী চেয়ারম্যান বিএআরসি	নির্বাহী (চেয়ারম্যান) বিএআরসি	মোবাইল নম্বর: ই-মেইল: ec.barc@ barc.gov.bd	
২।	ড. মোঃ হোসেন শাহেদ মন্ত্রী কৃষি মন্ত্রণালয়	মন্ত্রী কৃষি মন্ত্রণালয়	মোবাইল নম্বর: ০১৪১৬১৫২৭৭ ই-মেইল: est@moa.gov.bd	governm
৩।	ড. মোঃ মনির মন্ত্রী কৃষি মন্ত্রণালয়	মন্ত্রী কৃষি মন্ত্রণালয়	মোবাইল নম্বর: ০১৭১২৫৩৬৯২৫ ই-মেইল: monirsmh@yahoo.com	8.2.26
৪।	Md. Shahjahan Ali	Senior Vice President Bangladesh Society & Seed Technology BSSP	মোবাইল নম্বর: ০১৭৩০০১৩৩৭১ ই-মেইল: alliedmsh@ yaho.com	4/5/2026
৫।	Mohammed Masum	President BSA	মোবাইল নম্বর: ০১৭১১৫২৬৩০ ই-মেইল: masum@ survigroup.com	4/5/2026
৬।	ড. মোঃ হোসেন শাহেদ মন্ত্রী কৃষি মন্ত্রণালয়	মন্ত্রী কৃষি মন্ত্রণালয়	মোবাইল নম্বর: ০১৭১১৫৪২০২ ই-মেইল:	4/5/2026
৭।	ড. উম্মে নিরুজ্জামান মন্ত্রী কৃষি মন্ত্রণালয়	মন্ত্রী কৃষি মন্ত্রণালয়	মোবাইল নম্বর: ০১৪৭১-১৭৫২৫৫ ই-মেইল: monira@supremeseed.net	4/5/2026
৮।	শ্রীমান শ্রী. মোহাম্মদ মন্ত্রী কৃষি মন্ত্রণালয়	মন্ত্রী কৃষি মন্ত্রণালয়	মোবাইল নম্বর: ০১৩১৬১৭২৭৫৫ ই-মেইল: s.huda@supreme seed.net	4/5/2026
৯।	ড. জাহিদুল ইসলাম মন্ত্রী কৃষি মন্ত্রণালয়	মন্ত্রী কৃষি মন্ত্রণালয়	মোবাইল নম্বর: ০১৭১৭০৭২১১০ ই-মেইল: zahidul.winalld@ gmail.com	4/5/2026

ক্র: নং	সদস্যবৃন্দ/ প্রতিনিধিগণের নাম	পদবী এবং প্রতিষ্ঠানের নাম	মোবাইল এবং ই-মেইল নম্বর	স্বাক্ষর
১০১	ডাঃ আব্দুল ক্বাদির মির্জা, ডাঃ ডি. ডি. আব্দুল, ইমিগ্রেশন অফিস	ডাঃ আব্দুল ক্বাদির আব্দুল, ইমিগ্রেশন অফিস	মোবাইল নম্বর: ০১৭৩০২৭৭৩০ ই-মেইল: m12cwr@deli-bd.com	
১১১	মোঃ বাহান উদ্দিন বুলি প্রিন্সিপাল সার্বিস এমিগ্রেশন সিস্টেম	প্রিন্সিপাল সার্বিস এমিগ্রেশন সিস্টেম	মোবাইল নম্বর: ০১৭৭৪৪৪৫১৭৭ ই-মেইল: bahar-uddin@deli-bd.com	BaharUddin
১২১	মোঃ মামুন-উল-হক কর্মসূচী হেড VNR Bangladesh	Country Head	মোবাইল নম্বর: ০১৬৪৪১১৭৭৭০ ই-মেইল: mamun@vnrsh.com	
১৩১	মোঃ আব্দুল হক	কমার্শিয়াল পরিচালক এমিগ্রেশন	মোবাইল নম্বর: ০১৭১৪-১০৬৭১৪ ই-মেইল: ahmed.hak@barenet	
১৪১	মোঃ মোহাম্মদ হামিদ	মোঃ মোহাম্মদ হামিদ	মোবাইল নম্বর: ০১৩১৩-৭৭৬৭৭৭ ই-মেইল: mohammad.hamid@engr.com	Ahmed
১৫১	Md. Farhin Hasan	Manager Integrated Crop Solution Bangladesh	মোবাইল নম্বর: ০১৩৩২৫০৭২৬ ই-মেইল: farhin1953-san@yahoo.com	Farhin
১৬১	Mr. Ahmedul Kabir	Executive Square Pharmaceuticals - Pals PLE, Crop Care	মোবাইল নম্বর: ০১৭৭৩২৩৭০৪৪ ই-মেইল: kabir.pml@squaregroup.com	Ahmed
১৭১	Golam Mabud	Head of Business Blessing Agrovet Ind. Ltd.	মোবাইল নম্বর: ০১৭৩০০৭৭৭৭৭৭ ই-মেইল: mabud.blessing@gmail.com	Golam
১৮১	Nasir Uddin Ahmed	Advanta Seeds	মোবাইল নম্বর: ০১৭১২-৬৭৪৫০৬ ই-মেইল: nasir.ahmed@advantaseeds.com	Nasir
১৯১	Abdul Hannan	Principal Scientist Officer, BARI Gazipur	মোবাইল নম্বর: ০১৭১৫৪৪৩০৫১ ই-মেইল: hsaq_04@yahoo.com	Abdul Hannan
২০১	Dr. Sharaf Eultra Dipti	Chief Scientific Officer and Head, GAND BRRI	মোবাইল নম্বর: ০১৭১৫১৪৭৫০২ ই-মেইল: sharafedip@gmail.com	Sharaf

ক্র: নং	সদস্যবৃন্দ/ প্রতিনিধিগণের নাম	পদবী এবং প্রতিষ্ঠানের নাম	মোবাইল এবং ই-মেইল নম্বর	স্বাক্ষর
২১।	ড. মোহাম্মদ হুমায়ুন বহমান	সিএসও এবং অফিস ব্রি-আঞ্চলিক কার্যালয় কুমিল্লা	মোবাইল নম্বর: ০১৭৫৪৭৭১৫০ ই-মেইল: akhlao8@gmail.com	
২২।	ড. মোঃ মোস্তাফিজ হান্নান	নির্বাহী পরিচালক, সিটিসি	মোবাইল নম্বর: ০১৭১৫৭৩৩০৮ ই-মেইল: donannan2014@gmail.com	
২৩।	ড. মোঃ সীফাত হাফিজ খানসা	প্রোগ্রামার, বিরা, সফটওয়্যার	মোবাইল নম্বর: ০১৭২৫৭৩০৭৬৮ ই-মেইল: sifatbau@gmail.com	
২৪।	ড. ফাহিমাত ইমামজান প	PGD, BINA, Mymensingh	মোবাইল নম্বর: ০১৬৭৭৫১৫৭৮২ ই-মেইল: fepdina@yahoo.com	
২৫।	Prof. Dr. Jobadatur Naher	বিভাগীয় প্রধান ইকিউটিভ ও ইকিউ প্রকল্প বিজ্ঞান, বা.ইবি.	মোবাইল নম্বর: ০১৭১৭৩৬৭২ ই-মেইল: jobadatur.naher@bau.edu.bd	
২৬।	ড. বনজিৎ কুমার ব্রজ সি বসন্ত, পুজারী বিজ্ঞান, ডাঙ্গা	সি বসন্ত বিজ্ঞান, ডাঙ্গা	মোবাইল নম্বর: ০১৭২০০০১১৫৫ ই-মেইল: Yanjit.biri@yahoo.com	
২৭।	ড. হান্না বুরা হান্নাত পরিচালক (সাবেক) বিনা	পরিচালক (সাবেক) বিনা	মোবাইল নম্বর: ০১৭৩১৩৫৭০৭৫ ই-মেইল: hannabina@gmail.com	
২৮।	ড. সালেমা নাইজ	পরিচালক - ফর্ম ও ই- DAE	মোবাইল নম্বর: ০১৭১৫৭৩০৭৬৭ ই-মেইল: s/snms@gmail.com	
২৯।	মোঃ ওয়াহিদুর রহমান মোঃ	পরিচালক, সাবেক ডিএই	মোবাইল নম্বর: ০১৭১২০৩ ই-মেইল: ৭২০১	
৩০।	ড. মোঃ সাজেদ হোসেন	পরিচালক ওসি মি. এ	মোবাইল নম্বর: ০১৭১২০০০২৮৩ ই-মেইল: Saze02@gmail.com	
৩১।	হুমায়ুন কাদের	Adviser, BCA.	মোবাইল নম্বর: ০১৭১১৫৬৫৫৭২ ই-মেইল:	

ক্র: নং	সদস্যবৃন্দ/ প্রতিনিধিগণের নাম	পদবী এবং প্রতিষ্ঠানের নাম	মোবাইল এবং ই-মেইল নম্বর	স্বাক্ষর
৩২।	ড. মো. হামিদুল হক	সি. ই. এম. (মহা) BSR	মোবাইল নম্বর: ০১৭১৬৩৬৫৫৬ ই-মেইল: rahman606581@yahoo.com	ARun
৩৩।	(মো: নূরুজ্জামান)	AD, SCA, Gazipur	মোবাইল নম্বর: ০১৭১৬৩১১৫১৭ ই-মেইল: zaman.ag18@gmail.com	
৩৪।	ডাঃ মওদুদুল হক	Manager (Program) BADC	মোবাইল নম্বর: ০১৭১২১৫৪০৩৫ ই-মেইল: badeshaokata@yahoo.com	
৩৫।	Prof. Dr. Md. Harun-Ur-Rashid	General Secretary, Plant Breeding and Genetics Society of Bangladesh	মোবাইল নম্বর: ০১৭১২৬১২৪১৭ ই-মেইল: sumonsau@sau.edu.bd	
৩৬।	MD. Abdul Wahab	Cotton Agronomist Cotton Research, training & seed multiplication Farm, Shupur, Gazipur	মোবাইল নম্বর: ০১৭১২৭২৪৫৭০ ই-মেইল: Kbd.Wahab@gmail.com	
৩৭।	AKM Mollah Nazmul Haque	Portfolio Manager, Partex Agro Limited	মোবাইল নম্বর: ০১৬০১-৭৩৪৭২২ ই-মেইল: nazmul.haque@psgbd.com	04/05/26
৩৮।	Dr. Md. Sultan Mahmud	Head of operation (seed) National Agriculture I/E Ltd	মোবাইল নম্বর: ০১৭০৪১৬৪১০৭ ই-মেইল: sultan.mahmud@nationalagriculture.com	4/5/26
৩৯।	ডাঃ মোস্তাফিজ হোসেন	সদস্যবৃন্দ প্রতিষ্ঠানের সি. ই. এম. (মহা) BSR	মোবাইল নম্বর: ০২৭২৭২৬৭২৬০ ই-মেইল:	
৪০।	Md. Ashraf Hasan	Product & Campaign Manager	মোবাইল নম্বর: ০১৭১৩৩৪৪১৭৪ ই-মেইল: ashraf.hasan@syngenta.com	
৪১।			মোবাইল নম্বর: ই-মেইল:	
৪২।			মোবাইল নম্বর: ই-মেইল:	